

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৯৭

১. পবিত্রতা (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৩৩. তিনবার মাথা মসেহ করার দলীল

بَابُ دَلِيلِ تَثْلِيثِ الْمَسْح

আরবী

حَدَّثَنَا الْقَاضِي الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا يُوسُفُ بْنُ مُوسَى ، نَا أَبُو عَاصِمِ النَّبِيلُ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَرْدَانَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ ؛ أَنَّ حُمْرَانَ أَخْبَرَهُ ؛ أَنَّ عُتْمَانَ رَضِيَ اللَّهَ عَنْهُ دَعَا بِوَضُوءٍ ، فَغَسَلَ يَدَيْهِ ثَلَاثًا ، وَوَجْهَهُ ثَلَاثًا ، وَذِرَاعَيْهِ ثَلَاثًا ، وَمَسَحَ بِرَأْسِهِ ثَلَاثًا ، وَغَسَلَ رِجْلَيْهِ ثَلَاثًا ، وَقَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَتَوَضَّأُ هَكَذَا ، وَقَالَ : مَنْ تَوَضَّأً أَقَلَ مِنْ ذَلِكَ أَجْزَأَهُ ، وَقَالَ : مَنْ تَوَضَّأً أَقَلَ مِنْ ذَلِكَ أَجْزَأَهُ

বাংলা

২৯৭(৩). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... হুমরান (রহঃ) থেকে বর্ণিত। উসমান (রাঃ) উযুর পানি নিয়ে ডাকলেন। তিনি তার উভয় হাত (কজি পর্যন্ত) তিনবার করে ধৌত করেন, মুখমণ্ডল তিনবার ধৌত করেন, উভয় বাহু (হাত) তিনবার করে ধৌত করেন, মাথা তিনবার মসেহ করেন এবং উভয় পা তিনবার করে ধৌত করেন, অতঃপর বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এভাবে উযু করতে দেখেছি এবং তিনি বলেছেনঃ কোন ব্যক্তি এর চেয়ে কম সংখ্যকবার ধৌত করলে তাও তার জন্য যথেষ্ট হবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হুমরান ইবন আবান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন